গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরের মার্চ, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্য্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মশিউর রহমান<br>মহাপরিচালক, টেলিযোগাযাগ অধিদপ্তর। |
| সভার তারিখ | ২৩/০৩/২০২২ খ্রিঃ রোজ বুধবার |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | সভা কক্ষ (কক্ষ নং-৪০৩), টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | অধিদপ্তরের সহকারী পরিচালক/ সমপর্যায় হতে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)। |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | ফেব্রুয়ারী, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | সভায় অংশগ্রহণকারী সকলের নিকট পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সর্বসম্মতি চাওয়া হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় গত ২০/০২/২০২২ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | অধিদপ্তরের সকল কর্মকর্তা |
| ০২ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২২ উৎযাপন। | টেলিযোগাযোগ অধিদপ্তরে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২২ দিবস উৎযাপন উপলক্ষ্যে নিম্নলিখিত কর্মসূচী পালন করবে-<br>ক) সঠিক মাপের ও রংয়ের জাতীয় পতাকা উত্তোলন।<br>খ) ২৫ মার্চ রাত্র বাদে আলোক সজ্জার ব্যবস্থা করতে হবে।<br>গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২২ উৎযাপন উপলক্ষ্যে "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণ জয়ন্তীতে দেশের উন্নয়ন” শীর্ষক এক আলোচনা সভা টেলিযোগাযোগ অধিদপ্তরের অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন কার্যক্রম | ক) সিটিডিআর সেন্টারের "Supply, Installation, Testing and Commissioning of Equipment for Capacity Enhancement and System Augmentation of Cyber Threat Detection and Response System" কাজের ক্রয় প্রস্তাব মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ) CTDR Phase-2 প্রকল্পের জনবল নিয়োগের নিমিত্তে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের বিষয়ে বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>গ) অগ্নি নির্বাপক ব্যবস্থার বিদ্যমান বার্ষিক রক্ষণাবেক্ষন চুক্তি মে, ২০২২ মাসে শেষ হবে। নতুন চুক্তিনামা সম্পাদনের বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>ঘ) NOC রুমের জন্য নতুন Fire protection system ক্রয় প্রক্রিয়া বাস্তবায়ন করতে হবে।<br>ঙ) সিটিডিআর সেন্টারের নিরাপত্তা নিশ্চিতকরণে আনসার নিয়োগের সম্ভাব্যতা যাচাই করে আগামী অর্থ বছরে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>চ) সিটিডিআর সেন্টারের দৈনন্দিন রক্ষণাবেক্ষন ও পরিচালনা সংক্রান্ত কাজের Standard Operating Procedure (SoP) মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে চুড়ান্তকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) এবং অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার |
| ০৪ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের মাসিক প্রতিবেদন। | ক) মেসার্স ইনজেন টেকনোলজি এবং টেলিফোন শিল্প সংস্থার মাধ্যমে প্রকল্পের আওতাধীন ৬৫০টি স্কুলের বৈদ্যুতিক যন্ত্রপাতি ও সরঞ্জাম স্থাপন এবং ল্যাপটপ/ ট্যাব সরবরাহের কাজ আগামী মে, ২০২২ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>খ) পাঠ্যসূচীর ডিজিটাল কন্টেন্ট মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক চুড়ান্ত করে মে, ২০২২ মাসের মধ্যে টেশিসের সহায়তায় প্রকল্পের আওতাভূক্ত স্কুলের সম্মানিত শিক্ষকগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) প্রকল্পের আওতাধীন স্কুলে প্রকল্পের কাজ শেষ হওয়া মাত্র পিএটি সম্পন্ন করতে হবে। | পরিচালক (আন্তর্জাতিক টেলিকম সংস্থা) এবং প্রকল্প পরিচালক, সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব |
| ০৫ | ফেব্রুয়ারী/ ২০২২ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) জিপিএফ ও পেনশন সেবা সার্ভিস ট্র্যাকিং সফটওয়্যারের আওতায় নিয়ে আসা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) বিটিসিএল ও অন্যান্য সংস্থায় প্রেষণে কর্মরত পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পিআরএল মঞ্জুরী মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>গ) সিএএন্ডএফও অফিসে প্রক্রিয়াধীন পেনশন কেইসসমূহ নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>ঘ) অধিদপ্তরে যোগদানকৃত কর্মকর্তা-কর্মচারীগণের আইবাস সিস্টেমে বেতন-ভাতা প্রাপ্তিতে সৃষ্ট জটিলতা নিরসণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>ঙ) কর্মকর্তা-কর্মচারীগণের অনুকূলে কল্যাণ তহবিলের আর্থিক অনুদান প্রদানের জন্য প্রেরিত আবেদনের বিপরীতে মঞ্জুরীর পরিসংখ্যান সমন্বয় সভায় করতে হবে। | ক) অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি)<br>খ) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)<br>গ) পরিচালক (অর্থ)/ উপপরিচালক (অর্থ)<br>ঘ) পরিচালক (অর্থ)/ উপপরিচালক (অর্থ)<br><br>ঙ) পরিচালক (প্রশাসন) /উপপরিচালক (আইসিটি পরিকল্পনা) |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) | ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিতভাবে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করতে হবে।<br>খ) ইজিপিতে মার্চ, ২০২২ মাসের মধ্যে অন্ততঃ একটি টেন্ডার আহ্বানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)<br><br>খ) পরিচালক (আইসিটি) |
| ০৮ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | টেলিযোগাযোগ অধিদপ্তরের অফিসিয়াল লোগো ও দাপ্তরিক কাগজপত্রে অধিদপ্তরের কার্যক্রম সংশ্লিষ্ট নির্দিষ্ট স্লাগোন না থাকায় অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে একটি স্লোগান আহবান করে বাছাইয়ের মাধ্যমে একটি স্লোগান নির্বাচন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা) |
| ০৯ | বিটিসিএলের টিটিসি'র ছাত্রাবাস ভবনের কক্ষ ভাড়া/ অধিদপ্তরের জন্য নিজস্ব জায়গার বন্দোবস্ত নেয়া। | ক) টিটিসির ছাত্রাবাস ভবনের উত্তর পার্শ্বস্থ ২য় ও ৩য় তলার ১৮ টি কক্ষ ডিওটির অনুকূলে বরাদ্দ দেওয়ায় চুক্তিনামা সম্পাদন করে উক্ত কক্ষসমূহ দ্রুত সংস্কার করে কর্মকর্তা-কর্মচারীদের ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের স্থায়ী অফিসের জন্য বিটিসিএলের কড়াইল কম্পাউন্ডের ৫নং গেইট সংলগ্ন মসজিদের পাশের ০৫ (পাঁচ) বিঘা জায়গা টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ নেয়ার বিষয়ে তড়িৎ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ফ্রিকোয়েন্সি এলাকেশন)/ উপপরিচালক (প্রশাসন) |
| ১০( | বিবিধ | ক) অধিদপ্তরের মূল ভবনের তৃতীয় তলায় সুবিধাজনক স্থানে একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) মহিলাগণের নামাজ পড়ার জন্য একটি সুবিধাজনক স্থান নির্বাচনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি)/ পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মশিউর রহমান
মহাপরিচালক, টেলিযোগাযাগ অধিদপ্তর।

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৭৩

তারিখ: ৫ বৈশাখ ১৪২৯
১৮ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭) অফিস কপি।



মোঃ মফিজ উদ্দিন

পরিচালক